স্বাধীনতা বিরোধীতারা এখনও সোচ্চার —অ্যাড. শামীম আল সাইফুল

মেহেরপুরে “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশে শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন, অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং ডিজিটাল বাংলাদেশকে স¥◌ার্ট বাংলাদেশে উন্নিত করণে বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা যুবলীগের “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

আজ সোমবার বিকালে শহীদ সামসুজ্জোহা নগর উদ্যানে আয়োজিত এই বিশাল জনসভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের সঞ্চালনায় অনুষ্ঠিত এই জন সভায় বক্তব্য রাখেন, কেন্দ্রীয় যুবলীগের সদস্য জাকির হোসেন, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, মুজিবনগর উপজেলা যুবলীগের সাবেক সভাপতি ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য কামরুল হাসান চান্দু, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ, মেহেরপুর সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও পৌর সভার কাউন্সিলর আল মামুন, গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়া, জেলা যুবলীগের সদস্য সামসুর রহমান সাজু।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাপদেশ আওয়ামী যুবলীগের সদস্য অ্যাডভোকেট হুমায়ূন কবির, মো: রেজাউল ইসলাম, ম. জেমস স্বপন মল্লিক বাবু।

প্রধান অতিথির বক্তব্যে অ্যাডভোকেট শামীম আল সাইফুল সোহাগ আরও বলেন, বিশ^ ব্যাংকের টাকা ফেরৎ দিয়ে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করে দক্ষিণ পশ্চিমাঞ্চলের মানুষের দূর্দশা কমিয়েছেন প্রধান মন্ত্রী। তিনি মেট্রোরেল, বঙ্গবন্ধু ট্যানেল, ফ্লাইওভ্যারসহ মেগা প্রকল্প স্থাপন করে বিশ^কে তাক লাগিয়েছেন। সারা পৃথিবী যখন করোনায় পরাস্থ হয়েছিল, তখন যুবলীগের কর্মীরা জীবনের ঝুঁকি নিয়ে মানুষের বাড়ি বাড়ি খাবার পৌছে দিয়েছেন।

তিনি আরও বলেন, স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশ যখন উন্নত বাংলাদেশের পরিণত, ঠিক তখন পাকিস্তান এখন তলাবিহীন ঝুড়িতে পরিণত হয়েছে। অথচ, বিএনপির সাধারণ সম্পাদক ফকরুল সাহেব বলেন আমরা পাকিস্তান আমলেই ভাল ছিলাম।

চুয়াডাঙ্গায় ছাত্র শিক্ষক ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আধুনিক শিক্ষা ব্যবস্থায় গড়বো দেশ, শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ স্লোগানে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে ছাত্র, শিক্ষক ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃবিলাল হোসেনর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

আগামীর স্মার্ট বাংলাদেশ বিনিমার্ণে নতুন কারিকুলাম বিস্তরণ এক যুগান্তকারী পদক্ষেপ উল্লেখ করেন বক্তারা। দেশপ্রেমিক ও অসাম্প্রদায়িক চেতনার মানুষ গড়তে ও অভিজ্ঞতার ভিত্তিতে শিখনের এক মাইলফলক এই নতুন কারিকুলাম।এই ধরণের সমাবেশ আরও বেশি বেশি আয়োজন করতে অভিভাবকগণ আহবান করেন। এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও প্রধান শিক্ষক সকল অভিভাবককে আরও সচেতনভাবে সন্তানের প্রতি খেয়াল করবেন ও সময়মত বিদ্যালয়ে পাঠাবেন এমন আহবান জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ সহ চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও অভিভাবক বৃন্দ।

ইসলামী আন্দোলন বাংলাদেশ কোটচাঁদপুর শাখার বিক্ষোভ মিছিল ও সমাবেশ

দ্রব্যমূল্যের উর্দধগতি প্রতিবাদে ও পাঠ্যপুস্তক হতে ধর্ম ও জাতিসত্ত্বা বিরোধী বিতর্কিত বিষয় সমূহ বাতিল ও শিক্ষার সর্বস্তরের ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করার দাবীতে বিক্ষোভ মিছিল করেছেন কোটচাঁদপুর উপজেলা ইসলামী আন্দোলন বাংলাদেশ। শুক্রবার বিকেলে এ বিক্ষোভ করেন সংগঠনটি।

ইসলামী আন্দোলন বাংলাদেশের কোটচাঁদপুর উপজেলা শাখার সভাপতি মুক্তি ওমর ফারুক বলেন, দ্রব্যমূল্যের উর্দধগতি প্রতিবাদে ও পাঠ্যপুস্তক হতে ধর্ম ও জাতিসত্ত্বা বিরোধী বিতর্কিত বিষয় সমূহ বাতিল ও শিক্ষার সর্বস্তরের ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করার দাবীতে আমাদের আজকের এ বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়েছে।

কোটচাঁদপুর বাজার চত্বরের সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মুক্তি ওমর ফারুক। বক্তব্য রাখেন, ইসলামী আন্দোলন বাংলাদেশের সাধারণ সম্পাদক ফারুক হোসেন, আব্দুল মালেক সহ আরো অনেকে।

এর আগে কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ড থেকে বিক্ষোভ সমাবেশ টি বের হয়। পরে মিছিলটি পৌর শহরের বিশেষ বিশেষ সড়ক প্রর্দক্ষিন শেষে বাজার চত্বরের সমাবেশে মিলিত হন।

বিএনপি-জামায়াতের ‘সন্ত্রাস ও

নৈরাজ্যের’ প্রতিবাদে দামুড়হুদায় যুবলীগের সমাবেশ

দেশবিরোধী’ বিএনপি-জামায়াতের ‘সন্ত্রাস ও নৈরাজ্যের’ প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে দামুড়হুদায় যুবলীগের উদ্যোগে শান্তি মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকাল ৪ টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বর থেকে মিছিল বের করা হয়।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহ্বায়ক ও জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দারের দিক নির্দেশনায় দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ন আহবায়ক এস এম মহসীন ও সদর ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক হযরত আলীর নেতৃত্বে মিছিলটি দামুড়হুদা সদর, দেউলী মোড়, চিৎলা, গোবিন্দহুদা, নাপিতখালি, বদনপুরসহ বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। মিছিল শেষে দামুড়হুদা বাসস্ট্যান্ড চত্বরে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম মেম্বার, হাসান মেম্বার, মতিয়ার মেম্বার, কামরুল মেম্বার, উপজেলা যুবলীগ নেতা শেখ হাফিজুর বিন শামসের, জাহাঙ্গীর আলম, হায়দার আলী, রফিকুল ইসলাম, হাসান আল বাখার ডলার, জামাত আলী, নাহিদ হোসেন, শাহিন, হেকমত, ফজু, সাইদুর রহমান, স্বপন মালিথা, সাজ্জাদ হোসেন, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজ ছাত্রলীগের সাবেক আহবায়ক শাহীন মোল্লাসহ স্থানীয় যুবলীগ নেতৃবৃন্দ।

মেহেরপুরে বিএনপির অপর অংশের সমাবেশ

মেহেরপুরে গণতন্ত্র হত্যা দিবস গণতন্ত্রের পুনরুদ্ধারে ১০ দফা দাবি দাবিতে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে জেলা বিএনপির বড়বাজার কার্যালয়ে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল এর সঞ্চালনায় জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আলমগীর খান ছাতু সহ-সভাপতি জেলা বিএনপি। এছাড়াও বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জিয়া মঞ্চের সিনিয়র যুগ্ন আহবায়ক মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি।

এছাড়া উপস্থিত ছিলেন জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, জিয়া মঞ্চের যুগ্ন আহবায়ক হাসানুজ্জামান বিপলু, যুবনেতা ইসমাইলসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপির সমাবেশ

মেহেরপুরে ২৫শে জানুয়ারী ১৯৭৫ এর গণতন্ত্র হত্যা দিবস স্মরণে ও গণতন্ত্র পুনরুদ্ধারে ১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে জেলা বিএনপি’র সমাবেশ।

বুধবার বিকালে মেহেরপুর কাথুলী বাসস্ট্যাণ্ডে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য দেন অতিথি ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ন-সম্পাদক আরজুল্লা মাস্টার বাবলু।
সমাবেশে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

আলমডাঙ্গায় বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ

১০ দফা বাস্তবায়ন ও বিদ্যুতের মূল্য কমানো এবং সকল রাজবন্দির মুক্তির দাবিতে আলমডাঙ্গা বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে সোমবার বিকেল ৩ টায় এ মিছিল ও সমাবেশের আয়োজন করে।

বিক্ষোভ মিছিলটি ফায়ার সার্ভিস অফিসের পাশের চাতাল প্রাঙ্গণ থেকে বের হয়ে রাস্তা প্রদক্ষিণ করে আবারো পূণরায় চাতাল সংলগ্নে সংক্ষিপ্ত সমাবেশ করে।

সমাবেশে বক্তারা বিদ্যুৎসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম কমানো, বিরোধী দলীয় নেতাকর্মীদের উপর হামলা-মামলা, অত্যাচার, নির্যাতন, গুম, খুন বন্ধ এবং কর্তৃত্ববাদী ফ্যাসিস্ট সরকারকে অবিলম্বে পদত্যাগ করে নিরপেক্ষ সরকারের অধীনে সকল দলের অংশগ্রহণে একটি অবাধ, সুষ্ঠু ও সবার কাছে গ্রহণযোগ্য নির্বাচন দেয়ার জোর দাবি জানান।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সভাপতি আব্দুল জব্বার বাবলুর সভাপতিত্বে ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল হক রোকনের সঞ্চালনায় সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি আহবায়ক কমিটির সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনা।

এছাড়াও প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মাহাবুল হক, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আলি আজগার সাচ্চু।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, ডাউকি ইউনিয়ন বিএনপির সভাপতি আবদার আলী, কুমারী ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, খাসকররা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশীদ, নাগদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি বোরহান উদ্দিন, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি শাহ আলম, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেবুল ইসলাম, বাড়াদি ইউনিয়ন বিএনপির সভাপতি বকুল, কালিদাসপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক লালন, বাড়াদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলি, খাসকররা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রাজাবুল, ডাউকি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুস সালাম, পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মিলন, সাংগঠনিক সম্পাদক রাশেদুল ইসলাম, পৌর ১ নম্বর ওয়ার্ড সভাপতি রহিদুল ইসলাম, ২ নম্বর ওয়ার্ড সভাপতি হাফিজুর রহমান চমক, ৩ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল জব্বার, ৪ নম্বর ওয়ার্ড সভাপতি মাসুদ সালেহ লিপু, ৫ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুর রশীদ, ৬ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল রাজ্জাক, ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল হক মিন্টু, ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আলতাফ হোসেন,উপজেলা যুবদলের যুগ্নআহবায়ক জাহাঙ্গীর হোসেন চৌধুরি,পৌর যুবদলের যুগ্নআহবায়ক হাফিজুর রহমান, পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক কামরুজ্জামান হিমেল, উপজেলা ছাত্র দলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব আল ইমরান রাসেল, পৌর ছাত্রদলের আহবায়ক আতিক হাসান রিঙ্কু, যুগ্নআহবায়ক রাজু আহমেদ। আরো উপস্থিত ছিলেন উপজেলা, পৌর ও ইউনিয়ন বিএনপির সকল নেতৃবৃন্দ।

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন– আমিরুজ্জামান খান শিমুল

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন। সরকারের নিকটতম মানুষ ও আওয়ামী লীগের বড় বড় নেতারা দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার করেছেন। সোমবার বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি

আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে এ কথা বলেন,সমাবেশের প্রধান অতিথি ও কেন্দ্র বিএনপি তথ্য ও গবেষণা বিষয়ক সহ সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

সমাবেশে সভাপতিত্ব করেন,কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক,সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক। এ ছাড়া উপস্থিত ছিলেন,উপজেলা যুবদলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন,দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া।

সোমবার বিকালে মিছিলটি কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ড থেকে বের হয়। আর কোটচাঁদপুর বাজার চত্বরে এসে শেষ হয়। এরপর বাজার চত্বরের বিএনপির কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ করেন দলটি। এ সময় তারা পুলিশের হাতে আটক নেতা কর্মীদের মুক্তির দাবি করেন। নিন্দা জানান নেতা কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে হয়রানি করার। সমাবেশ সঞ্চালনায় ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত

মেহেরপুরে আনসার ভিডিপি সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আনসার ও গ্রাম ভিডিপি সমাবেশ আনসার সদস্যদের মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে।
আজ বৃহস্পতিবার (২৪ নভেম্বর) সকালে আনসার ভিডিপি কার্যালয়ে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার ওবায়দুল্লাহের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আনসার ও

গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলা কমান্ড্যন্ট সাহাদত হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন পারভীন, উপজেলা নির্বাচন অফিসার দোলন কান্তি চক্রবর্তী, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের সদর শাখার ব্যবস্থাপক হেলাল উদ্দীন, মুজিবনগর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অতিরিক্ত সার্কেল অ্যাডজুটেন্ড আল মামুন, গাংনী উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জিএম শাওন।

আনসার ভিডিপির ইউনিয়ন ও গ্রাম লিডারদের ভাল কাজের স্বীকৃতিসরুপ সদর উপজেলার সুবিদপুর সহকারী কোম্পানী সাইদুজ্জামান, বুড়িপুতা ইউনিয়ন দলনেতা কাওসার আলী, কেশবপুর ওয়ার্ড দলনেতা সানোয়ার, আমদহ গ্রামের ভিডিপি সদস্য জাহিদ আলী, দীঘিরপাড়া ওয়ার্ড দলনেতা সবুজ আলীকে বাইসাইকেল ও ৫ জন সদস্যকে ছাতা উপহার প্রদান করেন।

মিরপুরে আনসার-ভিডিপির সমাবেশ অনুষ্ঠিত

কুষ্টিয়ার মিরপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপজেলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে উপজেলা মিলনায়তনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা কমান্ড্যান্ট সোহেলুর রহমান। উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল কাদেরের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন উপজেলা চেয়ারম্যান কামারুল আরেফিন।

এতে বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র হাজী এনামুল হক, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হারুন অর রশিদ, উপজেলা আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপক ফাতৌসী বেগম, অবসরপ্রাপ্ত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জামাল উদ্দিন, মিরপুর প্রেসক্লাবের সহ-সভাপতি রাশেদুজ্জামান রিমন প্রমুখ। শুভেচ্ছা বক্তব্য রাখেন উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা রেজওয়ান আহমেদ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কুমারখালি উপজেলা আনসার ও ভিডিপির প্রশিক্ষক হামিদা পারভীন।

অনুষ্ঠানের পূর্বে অতিথিবৃন্দ কেক কাটেন এবং পরে একটি বর্নাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। অনুষ্ঠান শেষে কাজের স্বীকৃতি স্বরূপ ১১ জন আনসার-ভিডিপি সদস্যকে পুরষ্কৃত করা হয়।